

## সংবাদ বিবৃতি

নির্জন ঝুপড়ি ঘরে সাতদিন এক নারী স্বাস্থ্যকর্মীকে কোয়ারেন্টাইনে রাখা :  
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর তীব্র নিন্দা ও জড়িতদের  
বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার আহ্বান

[২৯ এপ্রিল ২০২০] গোপালগঞ্জের কোটালীপাড়ায় নির্জন পুকুর পাড়ে ঝুপড়ি ঘরে সাতদিন কোয়ারেন্টাইনে রাখা হয় এক নারী স্বাস্থ্যকর্মীকে (২১)। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এমন অমানবিক ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে। একই সাথে এর সাথে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেয়ার দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা গেছে, উক্ত স্বাস্থ্যকর্মী ঢাকার ইমপালস হাসপাতালে এক চিকিৎসকের এটেনডেন্ট পদে চাকরি করেন। করোনা সংক্রমণের কারণে গত ২১ এপ্রিল তিনি গ্রামের বাড়িতে আসেন। বাড়িতে আসার পর সাদুল্লাপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদকের নির্দেশে তাকে একটি নির্জন স্থানে পুকুরের মধ্যে তালপাতা দিয়ে ঝুপড়ি ঘর তৈরি করে সেখানে কোয়ারেন্টাইনে রাখা হয়। এ ঘটনা সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হলে সমালোচনার ঝড় ওঠে। অন্যদিকে আওয়ামী লীগ নেতা দাবি করছেন, এলাকাবাসীর সিদ্ধান্তেই ওই নারীকে ঝুপড়ি ঘরে রাখা হয়। ২৭ এপ্রিল ২০২০ দুপুরে কাটালীপাড়া থানা পুলিশ উক্ত স্বাস্থ্যকর্মীকে উদ্ধার করে বাড়ি নিয়ে যায়।

এইচআরএফবি এমন নিষ্ঠুরতার তীব্র প্রতিবাদ জানাচ্ছে। দেশের বিভিন্ন স্থানে করোনা আক্রান্ত রোগীদের কিংবা এ রোগে আক্রান্ত সন্দেহে বিভিন্ন জনের সাথে নানা বিদ্বেষমূলক আচরণের ঘটনার সংবাদ আসছে। এসব ঘটনার পুনরাবৃত্তিরোধে দ্রুততার সাথে জড়িতদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ অত্যাৱশ্যকীয়। পাশাপাশি প্রয়োজন এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা। তাছাড়া করোনা মোকাবেলা করতে গিয়ে আমাদের বিপুল সংখ্যক চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা আক্রান্ত হচ্ছেন। প্রায়শ অভিযোগ উঠছে, এদের সুরক্ষায় পর্যাপ্ত ব্যবস্থার অভাবসহ আক্রান্তদের জন্য প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা যাচ্ছে। এ ভাইরাস মোকাবেলায় সামনের সারির এ যোদ্ধাদের জন্য পর্যাপ্ত সুরক্ষা সরঞ্জামাদি ও আক্রান্তদের জন্য চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। ফোরাম আশা করে, কর্তৃপক্ষ এ বিষয়গুলোর ক্ষেত্রে দ্রুত পদক্ষেপ নেবেন।

### Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187

Email: ask@citechco.net web: www.askbd.org

### Experts:

Dr.Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh MahilaParishad (BMP), FAIR, Kapaeeng Foundation, KarmojibiNari (KN), ManusherJonno Foundation (MJF), NagorikUddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).